



এনএসইউতে থিসিস প্রদর্শনী ও বই প্রকাশনা অনুষ্ঠান

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) স্থাপত্য বিভাগ তিন দিনব্যাপী থিসিস প্রজেক্ট প্রদর্শনী ও বই প্রকাশনা (স্প্রিং-২০২৪) অনুষ্ঠানের আয়োজন করেছে। ২ ডিসেম্বর সোমবার থেকে শুরু হওয়া এই অনুষ্ঠান আজ বুধবার শেষ হবে।

এই আয়োজনে স্প্রিং ২০২৪ সেমিস্টারের মেধাবী স্থাপত্য শিক্ষার্থীদের থিসিস প্রজেক্ট প্রদর্শিত হচ্ছে। সহযোগী অধ্যাপক ও আর্কিটেক্ট মুজতবা আহসান ও আর্কিটেক্ট ও প্রভাষক এ কে এম সালেহ আহমেদ অনিকের নির্দেশনায় শিক্ষার্থীরা তাদের সৃজনশীল দক্ষতা এবং কারিগরি জ্ঞানের শ্রেষ্ঠ উদাহরণ তৈরি করেছেন।

অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ থিসিস বুক স্প্রিং ২০২৪ প্রকাশনা। বইটিতে শিক্ষার্থীদের বৈচিত্র্যময় এবং কল্পনাপ্রবণ কাজগুলো

স্থান পেয়েছে, যা তাদের সৃজনশীল দৃষ্টিভঙ্গি ও নকশার উদ্ভাবনী ধারণাগুলোর প্রতিফলন ঘটিয়েছে। এই প্রকাশনা ভবিষ্যতের স্থাপত্য পেশাজীবীদের জন্য অনুপ্রেরণা এবং গবেষণার একটি গুরুত্বপূর্ণ উপকরণ হিসেবে কাজ করবে।

২ ডিসেম্বর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর আবদুল হান্নান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন স্থপতি প্রফেসর মো. রফিক আজম! এছাড়াও অনুষ্ঠানে এসইপিএস-এর ডিন প্রফেসর ড. সাজ্জাদ হোসেইন উপস্থিত ছিলেন। উদ্বোধনী বক্তব্যে স্থাপত্য বিভাগের চেয়ারম্যান আর্কিটেক্ট শাহরিয়ার ইকবাল রাজ অতিথি ও শিক্ষার্থীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং তাদের অক্লান্ত প্রচেষ্টার প্রশংসা করেন। সংবাদ বিজ্ঞপ্তি